

পুনরায় গুচ্ছ পদ্ধতিতে ফিরতে কুবি প্রশাসনকে ইউজিসির চিঠি

কুবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

আসন্ন ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ফের গুচ্ছভুক্ত হয়ে ভর্তি পরীক্ষার

মাধ্যমে শিক্ষার্থী ভর্তিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে (কুবি) চিঠি

দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

মঙ্গলবার (২৮ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত

দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত

করেন।

তিনি বলেন, ‘গুচ্ছ পদ্ধতিতে ফিরে ভর্তি পরীক্ষা নেওয়া সংক্রান্ত

ইউজিসির একটি চিঠি এসেছে আমাদের কাছে। তবে এ বিষয়ে

আমরা এখনো কোনো সিদ্ধান্ত নেইনি।

আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।’

এর আগে, শিক্ষার্থীদের আন্দোলন ও দাবির প্রেক্ষিতে

বিশ্ববিদ্যালয় প্রশাসন গুচ্ছ থেকে বের হয়ে স্বতন্ত্রভাবে ২০২৪-২৫

শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা নেয়। তবে ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে

২০২৩-২৪ শিক্ষাবর্ষ পর্যন্ত পর পর চারবার গুচ্ছভুক্ত হয়ে ভর্তি

কার্যক্রম সম্পন্ন করেছে বিশ্ববিদ্যালয়টি।